



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
জীবন বীমা কর্পোরেশন

প্রধান কার্যালয়, ২৪, মতিঝিল বা/এ ঢাকা-১০০০
ওয়েব সাইট: www.jbc.gov.bd, ই-মেইল: info@jbc.gov.bd

স্মারক নং-৫৩.১৯.০০০০.০০২.২৫.০৩১.২৬-৩২১৫

তারিখ: ২৪/০৬/২০২৬ খ্রিঃ


বিষয়ঃ পবিত্র ওমরাহ হজ্জ পালনের উদ্দেশ্যে সৌদি আরব ভ্রমণের অনুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে জনাব এস.এম আহম্মদ আলী, উচ্চমান সহকারী, পাসপোর্ট নম্বর: (এ ২১২৭০৫৪৭), জীবন বীমা কর্পোরেশন, ই/ই ডিভিশন, প্রধান কার্যালয় -এর ০৯/০৬/২০২৬ খ্রিঃ তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে পবিত্র ওমরাহ হজ্জ পালনের জন্য ২৮-০৬-২০২৬খ্রিঃ তারিখ হতে ১৭-০৭-২০২৬খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা ভ্রমণের তারিখ থেকে ২০(বিশ) দিন (যাতায়াত সময়সহ) নিম্নোক্ত শর্তে কর্তৃপক্ষ তাঁকে সৌদি আরবে পবিত্র ওমরাহ হজ্জ পালনের অনুমতি প্রদান করেছে:

শর্তসমূহ:-

- ১। ২০(বিশ) দিনের আবেদিত ছুটি বাংলাদেশ ত্যাগের তারিখ থেকে কার্যকর হবে (এ ছুটি যথাসময়ে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন করিয়ে নিতে হবে)।
- ২। সৌদি আরব ভ্রমণের ক্ষেত্রে এ কর্পোরেশন বা বাংলাদেশ সরকারের কোন প্রকার আর্থিক সংশ্লেষ থাকবে না।
- ৩। ছুটি শেষে তিনি দেশে প্রত্যাবর্তনপূর্বক যথাসময়ে কাজে যোগদান করবেন এবং কোনক্রমেই এ ছুটি কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতীত বর্ধিত করা যাবে না।
- ৪। ভ্রমণকাল বহিঃবাংলাদেশ ছুটি হিসাবে গণ্য হবে।
- ৫। এ অনুমোদন অত্র আদেশ জারীর তারিখ থেকে ৩৫ (পঁয়ত্রিশ) দিন পর্যন্ত কার্যকর থাকবে।

জনাব এস.এম আহম্মদ আলী
উচ্চমান সহকারী,(৭/১৬৬৬, ৪০০৬৩৪৫৫)
জীবন বীমা কর্পোরেশন
ই/ই ডিভিশন, প্রধান কার্যালয়।


(মোঃ মালেক মিয়া)

ম্যানেজার-প্রশাসন

☎ ২২৩৩৫৯৪৮৭

ই-মেইল: malek@jbc99@gmail.com

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে)-

- ১। জেনারেল ম্যানেজার- প্রশাসন, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। জেনারেল ম্যানেজার, জীবীক, ই/ই ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। ডেপুটি জেনারেল ম্যানেজার- আইসিটি ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা (অনুমতি পত্রটি জীবন বীমা কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। ইমিগ্রেশন কর্মকর্তা, হযরত শাহজালাল (রাঃ) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৫। পি এস টু ব্যবস্থাপনা পরিচালক (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। ব্যক্তিগত নথি (৭/১৬৬৬, ৪০০৬৩৪৫৫)।